# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (২৮) সফরে সালাত আদায় প্রসঙ্গে

## 28 ـ فَصْلٌ فِي صَلَاةِ السَّفَرِ

আরবী

2724 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ حَدَّثَنِي اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أُمَيَّةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ خَالِدٍ: أَنَّهُ قَالَ لِعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: إِنَّا نَجِدُ صَلَاةَ الْحَضَرِ وَصَلَاةَ الْخَوْفِ وَلَا نَجِدُ صَلَاةَ السَّفَرِ فِي الْقُرْآنِ فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ: ابْنَ أَخِي إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا بَعَثَ إِلَيْنَا مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا نَعْلَمُ شَيْئًا فَإِنَّمَا نَفْعَلُ كَمَا رَأَيْنَاهُ يفعل.

الراوي : عَمْرَةُ بِنْتُ عَبْدِ الرَّحْمَنِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2724 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على ابن ماجه)) (1/ 330).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ : أَبَاحَ اللَّهُ جَلَّ وَعَلَا قَصْرَ الصَّلَاةِ عِنْدَ وُجُودِ الْخَوْفِ فِي كِتَابِهِ حَيْثُ يَقُولُ: {فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أن يفتنكم الذين كفروا} [النسَاء: 101] وَأَبَاحَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَصْرَ الصَّلَاةِ فِي السَّفَرِ عِنْدَ وُجُودِ الْأَمْنِ بِغَيْرِ الشَّرْطِ الَّذِي أَبَاحَ اللَّهُ جَلَّ وَعَلَا قَصْرَ الصَّلَاةِ بِهِ فَالْفِعْلَانِ جَمِيعًا مُبَاحَانِ مِنَ اللَّهِ أَحَدُهُمَا إِبَاحَةٌ فِي كِتَابِهِ وَالْآخَرُ إِبَاحَةٌ عَلَى لِسَانِ رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

বাংলা

২৭২৪. উমাইয়্যাহ বিন আব্দুল্লাহ বিন খালিদ রহিমাহুল্লাহ আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলেন,

“আমরা কুরআনে মুকীম অবস্থায় সালাত, ভীতিকালিন সালাতের বিবরণ পাই কিন্তু সফরকালিন সালাতের তো কোন বিবরণ দেখতে পাই না!” তখন তিনি জবাবে বলেন, “ভাতিজা, নিশ্চয়ই মহান আল্লাহ আমাদের কাছে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমাদের কাছে নাবী করে পাঠান এমন অবস্থায় যে, আমরা কোন কিছুই জানতাম না। অতঃপর আমরা তাই সম্পাদন করি, যা আমরা তাঁকে সম্পাদন করতে দেখেছি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “মহান আল্লাহ কুরআনে ভীতিকালিন সময়ে সালাত কসর করার বৈধতা দিয়েছেন। তিনি বলেছেন, فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أن يفتنكم الذين كفروا (তবে তোমাদের জন্য কোন দোষ নেই সালাত কসর করাতে, যদি তোমরা ভয় করো যে, কাফেররা তোমাদেরকে ফেতনায় ফেলে দিবে)। মহান আল্লাহ যে শর্তের ভিত্তিতে সালাত করার বৈধতা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে শর্ত ছাড়াই সফরে নিরাপদ থাকা অবস্থাতেও সালাত কসর করার বৈধতা দিয়েছেন। কাজেই উভয়টি আল্লাহর পক্ষ থেকে বৈধ; একটি কুরআনে বৈধ আরেকটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জবানীতে বৈধ।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৯৪; ইবনু মাজাহ: ১০৬৬; হাকিম: ১/২৫৮; সুনান বাইহাকী: ৩/১৩৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীক আলা ইবনে মাজাহ: ১/১৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমাইয়্যাহ্ ইবনু 'আবদুল্লাহ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন